DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) □ তৈরি: 15 Aug 2026, 10:56 PM

সারাদেশ

ব্রাহ্মণবাড়িয়ায় □বই পড়া কর্মসূচি-২০২৬□ উদ্বোধন

# শিক্ষার্থীদের পাঠাভ্যাস ও সৃজনশীল চিন্তার বিকাশে জেলা প্রশাসনের উদ্যোগ

প্রতিবেদক: ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি
প্রকাশের তারিখ: বুধবার, ০৫ আগস্ট ২০২৬, ০২:০০ PM



শিক্ষার্থীদের মধ্যে পাঠাভ্যাস গড়ে তোলা এবং সৃজনশীল চিন্তার বিকাশে ব্রাহ্মণবাড়িয়ায় □বই পড়া কর্মসূচি-২০২৬□-এর উদ্বোধন করা হয়েছে। জেলা প্রশাসনের উদ্যোগে এবং সরকারের □বই পড়ি, দেশ গড়ি□ প্রতিপাদ্যের আলোকে মঙ্গলবার (৪ আগস্ট) কর্মসূচির আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়।

উদ্বোধনী অনুষ্ঠানে জেলা প্রশাসক মো. আবু সাঈদ জেলার বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠান পরিদর্শন করেন এবং শিক্ষার্থীদের সঙ্গে বই পড়ার গুরুত্ব নিয়ে মতবিনিময় করেন। এ সময় তিনি শিক্ষার্থীদের নিয়মিত পাঠাভ্যাস গড়ে তোলার আহ্বান জানিয়ে বলেন, পাঠ্যবইয়ের পাশাপাশি সাহিত্য, বিজ্ঞান, ইতিহাস ও জ্ঞানভিত্তিক বই পাঠ সৃজনশীলতা, কল্পনাশক্তি, বিশ্লেষণী দক্ষতা এবং মানবিক মূল্যবোধ বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

অনুষ্ঠানে অংশ নেওয়া শিক্ষার্থীরা কর্মসূচিতে যুক্ত হওয়ার আগ্রহ প্রকাশ করেন এবং নিয়মিত বই পড়ার মাধ্যমে নিজেদের জ্ঞান ও দক্ষতা

বৃদ্ধির প্রত্যয় ব্যক্ত করেন।

জেলা প্রশাসন জানিয়েছে, প্রাথমিক পর্যায়ে জেলার বিভিন্ন স্কুল, কলেজ ও মাদ্রাসায় সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করা হবে। এসব কার্যক্রমের মাধ্যমে শিক্ষার্থীদের বই পড়ার উপকারিতা, সাহিত্যের সঙ্গে সম্পৃক্ততা, কর্মসূচিতে অংশগ্রহণের নিয়মাবলি এবং আয়োজনের বিভিন্ন বিষয় সম্পর্কে অবহিত করা হবে।

পর্যায়ক্রমে জেলার বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীদের অংশগ্রহণে বই পড়া প্রতিযোগিতা, পাঠ-আলোচনা, সাহিত্য আড্ডাসহ উপজেলা ও জেলা পর্যায়ে নানা কর্মসূচির আয়োজন করা হবে। কর্মসূচিতে সেরা পাঠকদের নির্বাচন করে পুরস্কার ও সনদ প্রদান করা হবে বলেও জানিয়েছে জেলা প্রশাসন।

জেলা প্রশাসনের প্রত্যাশা, এ উদ্যোগ শিক্ষার্থীদের মধ্যে পাঠাভ্যাস গড়ে তোলার পাশাপাশি জ্ঞাননির্ভর, সৃজনশীল ও মানবিক মূল্যবোধসম্পন্ন নতুন প্রজন্ম গড়ে তুলতে কার্যকর ভূমিকা রাখবে।

---

## এ বিভাগের আরও খবর



**চাঁদার ৫০ হাজার টাকা না দেওয়ায় ব্যবসায়ীকে হাতুড়িপেটার অভিযোগ**

নওগাঁর মান্দায় ৫০ হাজার টাকা চাঁদা না দেওয়ায় এক ব্যবসায়ীকে হাতুড়ি ও লোহার রড দিয়ে মারধরের অভিযোগ উঠেছে। বৃহস্পতিবার (১৩ আগস্ট) বেলা ১১টার দি...




**মসজিদের ভেতরে মুসল্লিকে হাঁসুয়া দিয়ে কুপিয়ে জখম**

নওগাঁর মান্দায় মসজিদের ভেতরে ঢুকে মামুনুর রশিদ মামুন (৩৮) নামের এক মুসল্লিকে হাঁসুয়া দিয়ে কুপিয়ে জখম করার অভিযোগ উঠেছে। শনিবার (১৫ আগস্ট) ভো...




### শোক দিবসে খিচুড়ি রান্নার সময় ইউপি চেয়ারম্যানসহ ২ জন গ্রেপ্তার

কুষ্টিয়ার ভেড়ামারায় শোক দিবস উপলক্ষে খিচুড়ি রান্নার সময় ইউনিয়ন পরিষদের (ইউপি) চেয়ারম্যানসহ দুই ভাইকে গ্রেপ্তার করেছেন পুলিশ। শনিবার (১৫...

---



### ক্যাশলেস সোসাইটি বিনির্মাণে ব্রাহ্মণবাড়িয়ায় রূপালী ব্যাংকের রোড শো

ক্যাশলেস সোসাইটি বিনির্মাণে জনসচেতনতা তৈরির লক্ষ্যে ব্রাহ্মণবাড়িয়ায় রূপালী ব্যাংকের উদ্যোগে সচেতনতামূলক রোড শো অনুষ্ঠিত হয়েছে।শনিবার (১৫ আগস...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/saradesh/shiksharthider-pathabhjas-o-srijnshil-chintar-bikashe-jela-prshasner-udjog